

# উখরা দেবোত্তর এস্টেটের শম্ভুনাথ লাল সিং হাভা মহাশয়ের প্রবর্তিত

## শ্রীশ্রী শারদীয়া দুর্গা মহাপূজার সময় নির্ঘণ্ট

৯ই আশ্বিন, সোমবার (ইং ২৬-০৯-২০২২) : শ্রী শ্রী শারদীয় দুর্গাদেবীর প্রতিপদাদি কল্পারম্ভ ও নবরাত্রিক ব্রতারণ। শুরুর প্রতিপাদ রাঃ ৩।২১ মিঃ। দিবা ৮।২৮ মিঃ গতে পূর্বাঙ্ক মध्ये কলসস্থাপন, দেবী মাহাত্ম্য পাঠারণ ও বিহিত পূজা, সন্ধ্যায় আরতি।

১২ই আশ্বিন, বৃহস্পতিবার (ইং ২৯-০৯-২০২২) : শ্রী শ্রী মান চতুর্থী রাঃ ১২।২৪ মিঃ। দিবা ৮।০০ মিঃ গতে চতুর্থী পত্রিকা স্নান পরে প্রবেশ ও বিহিত পূজা। সন্ধ্যায় আরতি।

১৩ই আশ্বিন, শুক্রবার (ইং ৩০-০৯-২২) : শ্রী শ্রী পঞ্চমী, রাঃ ১২।৩০ মিঃ গতে বেদীতে প্রতিমা উত্তোলন ও স্থাপন।

১৪ই আশ্বিন, শনিবার (ইং ০১-১০-২২) : শ্রী শ্রী দুর্গাষষ্ঠী, রাঃ ৮।৩৫ মিঃ। সন্ধ্যা ৬।০০ গতে দেবীর বোধন, আমন্ত্রণ, অধিবাস বিল্ববরণ। পরে আরতি।

১৫ই আশ্বিন, রবিবার (ইং ০২-১০-২২) : শ্রীশ্রী দুর্গা সপ্তমী রাঃ ৬।২১ মিঃ। প্রাতঃ ৬।৩০টা গতে দেবীর মহাস্নান। দিবা ৭।৩০মিঃ গতে অষ্টকলশ স্নান, নবপত্রিকা প্রবেশ, ঘটস্থাপন ও সপ্তমী বিহিত পূজা প্রশস্তা। সন্ধ্যায় আরতি।

১৬ই আশ্বিন, সোমবার (ইং ০৩-১০-২২) : শ্রীশ্রী মহাস্তমী দিবা ৩।৫৯।১সেঃ। দিবা ৮।৩০মিঃ গতে মহাস্তমী বিহিত পূজারম্ভ (জ্যোৎবালিয়া), সকাল ১১টা গতে পুষ্পাঞ্জলি পরে আরতি। পুনঃ ৩।৩৫।১ গতে সন্ধিপূজারম্ভ। ঘঃ ৩।৫৯।১সেঃ গতে তোপধ্বনি ও আরতি। ঘঃ ৪।২৩।১ মধ্যে সন্ধিপূজা সমাপন। সন্ধ্যায় আরতি।

১৭ই আশ্বিন, মঙ্গলবার (ইং ০৪-১০-২২) : মহানবমী দিবা ১।৩৩ মিঃ। সকাল ৮।২৮ গতে মহানবমী বিহিত পূজারম্ভ। পূজা সমাপনান্তে বেলা ১১।৩০মিঃ গতে 'সপ্তশতী হোমারম্ভ। ১।৩৩ মিঃ গতে পূর্ণাহতি। সন্ধ্যায় আরতি।

১৮ই আশ্বিন, বুধবার (ইং ০৫-১০-২২) : শ্রীশ্রী বিজয়া দশমী দিবা ১১।৯মিঃ। সকাল ৭।৩০মিঃ গতে দশমী বিহিত পূজারম্ভ। পূজা সমাপনান্তে ১০টা গতে বিসর্জন - অপরাজিতা বলয় ধারণ, দুর্গানাংম লিখন, শান্তিদান, আশীর্বাদ। বেলা ১১।৯ মিঃ মধ্যে প্রদীপ গৃহ প্রবেশ। সন্ধ্যায় প্রতিমা নিরঞ্জন।